 - **Insights into Vulnerable Populations:** The report extends its analysis to include the impact on other vulnerable populations, such as children, senior citizens, and marginalized communities. This comprehensive scope reveals the multifaceted challenges faced by various segments of society.
 - **Legal Framework and Enforcement Challenges:** The report delves into the challenges in the legal framework and the importance of effective implementation. It emphasizes the need for concerted efforts to strengthen the enforcement of laws aimed at protecting women.

Implications and Urgent Need for Action

- **Social Implications:** Rising crimes against women have far-reaching psychological and societal implications, contributing to a climate of fear and insecurity. The prevalence of intimate partner violence, sexual offenses, and other forms of gender-based violence necessitates urgent action.
- **Governmental Responsibility:** The report underscores the government's responsibility in ensuring the safety and security of women. It highlights the need for proactive measures to address the root causes of escalating crimes and the pressing need for comprehensive strategies to protect vulnerable populations.

Conclusion and Call to Action

The "Crime in India 2022" report by the NCRB serves as an urgent call to action, highlighting the critical need for immediate interventions to combat the escalating crisis of crimes against women. The statistics, trends, and regional disparities underscore the imperative for collaborative efforts to create a safer and more equitable society for women in India. As of the latest "Crime in India Report 2022," the data on crimes against women in various states of India reflects a concerning trend. The report highlights a significant increase in the number of reported cases, indicating a pressing need for targeted interventions and comprehensive strategies to address the escalating crisis of crimes against women. The data further highlights regional disparities and varying prevalence rates of crimes against women in different states. The comprehensive state-wise analysis offers valuable insights into the multifaceted challenges faced by women in various parts of the country, underscoring the need for tailored interventions at the state level. In addition to state-specific statistics, the report presents in-depth insights into the impact on vulnerable populations, including children, senior citizens, and marginalized communities. This holistic approach to analyzing crime data extends the focus beyond crimes against women, shedding light on the broader societal implications and the imperative for concerted efforts to protect all vulnerable segments of the population.

The legal framework and enforcement challenges are also emphasized, emphasizing the need for effective implementation of laws aimed at protecting women. The report underscores the crucial role of the government and law enforcement agencies in ensuring the safety and security of women, calling for proactive measures to address the root causes of escalating crimes. Overall, the Crime in India Report- 2022 paints a comprehensive picture of the challenges posed by crimes against women in different states, urging immediate action and collaborative efforts to create a safer and more equitable society for women across India.

Crimes against women are increasing every year in the country. It is not enough to make laws; the focus should be on changing the mindset of the people. In a patriarchal culture like ours, gender sensitivity, respect for women, and equality are values that should be instilled in every family from childhood. Every family in society should also participate in that matter; otherwise, there are chances of many misfortunes happening in the future. Every student should be taught about "gender sensitization" from the school level in education institutions so that students will be aware of issues like gender equality, rights, and laws.

References

1. Gilani, Ajaz.(2021).Crime against women in India: An analysis, *Journal of Society in Kashmir*,11, 112-135.
2. National Crime Records Bureau. (2023).Crime in India2022. NewDelhi, India: Ministry of Home Affairs. Retrieved from<https://ncrb.gov.in>
3. https://en.wikipedia.org/wiki/Crime_in_India.

Integrated Watershed Management Programme (IWMP) Pmksy 2.0: Department of Agriculture (W.B)

শ্রী তনয় পন্ডিত

জলবিভাজিকা প্রকল্প হল এমন একটি প্রকল্প যার মাধ্যমে শুষ্ক খুঁ ধু প্রান্তকে সবুজে পরিণত করা হয়। বৃষ্টির জলকে সংরক্ষণ করে ভৌম জলস্তরকে বৃদ্ধি করা এবং বনসৃজন বৃদ্ধি করা ও কৃষি উৎপাদন বৃদ্ধি করা এই প্রকল্পের প্রধান উদ্দেশ্য।

প্রকল্পের area বা boundary প্রধানত একটি নদীর অববাহিকার সমগ্র জলবিভাজিকা বা rich অঞ্চল থেকে প্রধান নদী পর্যন্ত।

প্রকল্পের উদ্দেশ্য:

এই প্রকল্পের প্রধান উদ্দেশ্য হল -

১। এই জলবিভাজিকা অঞ্চলে কৃষি উন্নতি ঘটানো। প্রধানত এক ফসলী জমি কে দুই ফসলি বা বহু ফসলী করে তোলা।

২। এই অঞ্চলে উন্নত বীজ এর সাহায্যে শাকসবজি, তৈলবীজ চাষের পরিমাণ বৃদ্ধি করা।

৩। ডাঙ্গা জমিতে বৃক্ষ রোপন করে সবুজায়নের পরিমাণ বৃদ্ধি করা।

৪। নতুন নতুন পুকুর খনন করা, পুরনো মজে যাওয়া পুকুরকে নতুন করে খনন করা। এর সাহায্যে বৃষ্টির জল সঞ্চয়ের মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধি করা।

৫। নদীগুলিতে বাঁধ নির্মাণ করে জল ধরে রাখা এবং ছোট বড় cannel গুলিতে check dam বা boulder check dam তৈরি করার মাধ্যমে জলপ্রবাহ কমানো এবং জল ধারনের মাধ্যমে পার্শ্ববর্তী কৃষি জমিতে জল সেচের মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধি করা।

সংগঠন তৈরি: ছোট ছোট গোষ্ঠী বা দল তৈরি করে বা এস এইচ জি গ্রুপ তৈরি করে তাদের অর্থ সাহায্য দিয়ে কুটির শিল্পে বৃদ্ধি বা বিকাশ ঘটানো। যেমন -হাঁস, মুরগি, ছাগল, গরু বিতরণ করা এই দলগুলিকে। যাতে তারা স্বনির্ভর হতে পারে।

উৎপাদন বৃদ্ধি: ছোট ছোট গোষ্ঠীর মাধ্যমে ধান ও অন্যান্য শস্য ও সবজির উন্নত মানের বীজ বিতরণের মাধ্যমে উৎপাদন বৃদ্ধি করা এবং FPO গোষ্ঠী গঠন করে তাদের মাধ্যমে ধান ও অন্যান্য সবজির বীজ তৈরি করা।

পুরনো পুকুরগুলি কাটিয়ে বা নতুন পুকুর কাটিয়ে তার মধ্যে মাছ চাষের মাধ্যমে মাছের উৎপাদন বৃদ্ধি করা এবং মাছের জল রেখে পুকুরের বাকি জল কৃষি জমিতে সেচের কাজে ব্যবহার করা।

ঋণদান: বার্ষিক ১% বা 2 % সুদের হারে এই SHG গোষ্ঠীগুলি কে লোন দেওয়া হয়। প্রতিমাসে টাকা সংগ্রহের জন্য সভাপতি ও সহ-সভাপতি কে দায়িত্ব দেওয়া হয় যাতে তারা এই টাকা সংগ্রহ করে।

এই প্রকল্প পাঁচ বছর পর শেষ হলেও ঋণের ফান্ড থেকে যায় এবং বছরের পর বছর ধরে চলতে থাকে। এইভাবে এই প্রকল্প রিচ টু ভ্যালি Rich to Vally Concept এর উপর ভিত্তি করে কার্য হয়ে থাকে এবং পঞ্চম বছরের শেষে জেলা কৃষি

বিভাগকে এটি Closure Report জমা করতে হয় রাজ্য কৃষি বিভাগ বা SLNA (State Level Nodal Agency) কে। যে এই প্রকল্পটি কতটা সম্পূর্ণ হয়েছে সেই সংক্রান্ত রিপোর্ট। এই প্রকল্পের PIA (Project Implement Authority) হন সংশ্লিষ্ট জেলার Join Director Agriculture, এবং ফিল্ডে রূপায়িত করার জন্য চারজন WTD Stafs থাকেন এবং Project Manager হন জেলার DM নিজে।

Sl.no	Major Head	Particulars	Percentage
1	Administrative	Management Cost	10%
		Monitoring & Evaluation	2%
2	Preparatory Phase	Entry Point activity	2%
		Preparation of DPR	1%
		Capacity and Institution Building	3%
3	Work Phase	Natural Resource Management	47%
		Production System	15%
		Natural Resource Management & Governance	2%
		Livelihood Activities for asset less persons, Micro Enterprises & Business Development	15%
4	Consolidation & Withdrawal Phase		3%

নারী কথা

শুভঙ্কর আদক

"সত্যি নারী দেখায় ভারী অন্ধকারে

কেউ জানে না কেমন ব্যথা বন্ধ দ্বারে

সবাই জানে কার কতটা মনের মাঝে

নারী হলো জ্বলন্ত দীপ সবার সাঁঝে"।

..... আরফা সেলিম

ইনি হয়তো যথার্থই বলেছেন নারীদের ব্যথা মনের কুঠিরে লুকিয়ে রেখে সংগ্রাম করে যেতে হয় প্রতিনিয়ত, আজ সমাজে নারীর কাজ কেবলমাত্র সংসারকে রক্ষা করা স্বামী সন্তানের সেবা করা। সমাজ নারী ও পুরুষকে সমকক্ষে বসাতে যেন ভয় পায়। পুরুষতান্ত্রিক সমাজে নারীর কণ্ঠস্বর রোধ করাই যেন সমাজের মূল দায়িত্ব জন্মের পর থেকেই তাদের বঞ্চিত হতে হয়, বঞ্চনার ভার বয়ে বেড়াতে হয় তার স্কুল জীবন ও কর্মজীবনেও। নারী প্রতিষ্ঠিত হওয়া মানে পুরুষের পরাধীনতা নয়। শরদিন্দু কর্মকার যথার্থই বলেছেন -

"মানুষ কেন বলে মোদের

নারীর নিজস্ব নাই কিছু

আমি তো দেখি জগৎ চলে

নারীর পিছু পিছু"

জগত সৃষ্টি দশভূজা হাত ধরে হলেও শিক্ষিত নারীদের বঞ্চনার ধরন আধুনিকতার সাথে তাল মিলিয়েই পরিবর্তন হয়েছে। বঞ্চনার ধরণ আরও আধুনিক হয়েছে, আধুনিকতার মোড়কে চাপা দেওয়া হয়েছে তাদের দাবি ও তাদের অধিকার। পরিবার থেকে যে মঞ্চনা সূচনা হয়েছিল তা আজ কড়া নাড়ছে তার কর্মক্ষেত্রে। নারীরা সহানুভূতির দাবি করে না সম মর্যাদার দাবি করে, বাক স্বাধীনতার দাবি করে। নারীর সৌন্দর্য তাই যেন নারীর পথের বাধা। কর্মক্ষেত্রে শারীরিক, বাহ্যিক সৌন্দর্যতাই যেন নারীর পথের বাধা। কর্মক্ষেত্রে শারীরিক সৌন্দর্যই যেন প্রধান হয়ে দাঁড়ায় তার শিক্ষা, রুচি, চিন্তা ধারা সবই সেখানে নগণ্য এমনকি শিক্ষার মানদণ্ডও সেখানে ফিকে হয়ে পড়ে। নারীর অধিকার প্রতিষ্ঠিত হওয়া মানে শারীরিক প্রতিষ্ঠা পাওয়া নয় রূপের প্রতিষ্ঠা নয় তার জ্ঞানের তার চিন্তাধারার প্রতিষ্ঠা যা সমাজের কাছে আজও ব্যতীত। কর্মক্ষেত্রে খুব সহজেই তাকে বিচার করা হয়, তার চারিত্রিক বৈশিষ্ট্য নিয়ে প্রশ্ন তোলা হয়। নারীর অধিকার নিয়ে যদি শিক্ষিত সমাজে সজাগ না হয় তাহলে স্বাধীনতার দাবি করা প্রীতিলতা, রোকিয়া বেগম এদের অবদান অর্থহীনে পরিণত হবে। নারী মনের জাগরণ যেমন পরাধীন ভারত কে স্বাধীন করার জন্য হয়েছিল তেমনি পুরুষতান্ত্রিক সমাজ থেকে রক্ষা পাওয়ার জন্য তাদের কণ্ঠস্বর উচ্চারিত হবেই যা

পুরুষতান্ত্রিক সমাজের মিথ কে ভেঙে টুকরো টুকরো করে দেবে। যে নারী প্রাণ সৃষ্টি করে সে জগতকে কেউ পরিবর্তন করতে পারবে। চিন্তাধারার পরিবর্তন ঘটাতে পারবে। যদি নারী ও পুরুষকে সমকক্ষে বসাতে হয় তাহলে নারীর মতো প্রসব যন্ত্রণা পুরুষ কেউ সহ্য করতে হবে, নারীর মতো নিত্যদিনের শারীরিক নির্যাতনকে মুখ বুজে মেনে নিতে হবে হয় সমাজের ভয়ে নয়তো চাকরি হারানোর ভয়ে। মানুষের মানসিকতার পরিবর্তন শিক্ষিত সমাজের হাত ধরেই হওয়াটা বাঞ্ছনীয়। নারীদের যদি তুলে আনতেই হয় তার প্রয়োজনীয় সুযোগ-সুবিধা দেওয়াও বাঞ্ছনীয়। পরিবার রক্ষা করতে ও স্বাধীনভাবে বাঁচার জন্য সকল নারীর উচিত কর্মক্ষেত্রে যোগদান করা ও তাদের দাবি প্রতিষ্ঠিত করা এবং একই সাথে প্রতিষ্ঠানের দায়িত্ব হওয়া উচিত যাতে নারীর সম্মান যথাযথ রক্ষা করা যায় তাদের উপযুক্ত পরিবেশে থাকার ব্যবস্থা করা কারণ নারী সম্মান অনেকটা কাচের মত একটু আঘাতেই চির ধরে যা শত চেষ্টাতেও জোড়া লাগানো সম্ভব নয়।



বিজ্ঞান ও আধ্যাত্মবাদ

অরিত্র গুপ্ত

"সর্গানাম আদিঃ অনন্ত চ মধ্যম্ চ এব অহম্ অর্জুন

আধ্যাত্মবিদ্যা বিদ্যানাম্ বাদঃ প্রবদতাম্ অহম্।"

অর্থাৎ হে অর্জুন সমস্ত সৃষ্টির মধ্যে আমি আদি অন্ত এবং মধ্য, সমস্ত বিদ্যার মধ্যে আমি আধ্যাত্মবিদ্যা এবং তार्কিকদের বাদ, জয় ও বিতন্ডার মধ্যে আমি সিদ্ধান্তবাদ।

এই শ্লোকটি এমন একটি গ্রন্থ থেকে সংগৃহীত যা সৃষ্টির পর থেকে কখনো এডিটেড হয়নি; শ্রীমদ্ভাগবত গীতা, যে গ্রন্থে স্বয়ং শ্রীকৃষ্ণ তার অস্তিত্বের কথা স্বীকার করে গেছেন।

ভগবানের অস্তিত্ব আছে এটা মানা বা না মানাকে কেন্দ্র করে কয়েকটি শব্দ উঠে আসে। ১) আস্তিক বা Theist, এই শব্দটিকে ভাঙলে পাওয়া যায় অস্তি+ইক্ অর্থাৎ অস্তিত্বে বিশ্বাসী। এরা ঈশ্বরের সাকার রূপে বিশ্বাস করে। ২) Atheist অর্থাৎ নাস্তিক যারা ঈশ্বরের বিশ্বাস করে না। ৩) Pantheist যারা ঈশ্বরকে একটা শক্তিরূপে বিশ্বাস করে। Pantheist do not believe in a distinct personal or anthomorphic god, etc - ইত্যাদি।

আমরা পদার্থবিদ্যার ছাত্র অর্থাৎ বিজ্ঞানমনস্ক, তাই প্রশ্ন আসে মনে আমরা ঈশ্বরের অস্তিত্বে বিশ্বাস করব কেন? বহু বিজ্ঞানী, দার্শনিকও কিন্তু ঈশ্বর বিশ্বাসী। আমাদের ভাষায় বলতে গেলে, একটু ভাবলেই দেখা যায় ধর্ম আর বিজ্ঞানের আউটপুটটা একই। অনেক মিল এই দুইয়ের মধ্যে, পার্থক্য শুধু এক জায়গায়, বিজ্ঞানকে আমরা প্রশ্ন করতে পারি কিন্তু ধর্ম নির্ভর করে বিশ্বাসের ওপর। কিন্তু কিছু মাত্র বিদেশী ভাষায় পারদর্শী যুবসমাজ নিজেদের Atheist মনে করতে গর্ববোধ করে। আসলে তাদের জীবনটাই binomial expansion এর মতো, তারা জীবনে আসলে higher order টা neglect করছে। তাদের প্রথম প্রশ্নই থাকে যে যাকে তারা চোখে দেখেনি তাকে তারা কেন বিশ্বাস করবে? প্রশ্নের উত্তর দুভাবে দেওয়া যায়, প্রথমত আমরা জানি শক্তির বিভিন্ন রূপ আলো, তাপ, শব্দ ইত্যাদি; এগুলোকে কি দেখা যায়? (আলো দেখা যায় না, অন্য বস্তুকে দেখতে সাহায্য করে) দেখা যায় না, কিন্তু অনুভব করা যায়। ঠিক তেমনি ঈশ্বরের অস্তিত্ব অনুভব করা যায়। আর দ্বিতীয়ত বিজ্ঞানীদের বলা বিভিন্ন গ্রহ, নক্ষত্র, উপগ্রহের নাম অবস্থান যদি আমরা বিশ্বাস করতে পারি তাহলে ভারতের প্রাচীন মুনিঋষি দার্শনিকদের কথা বিশ্বাস করতে অসুবিধা কোথায়? আমরা তো নিজের চোখে প্লুটো, প্রক্সিমাসেন্টরাই দেখিনি। আমরা যেমন বিজ্ঞানীদের সাধনার দাম দিই তেমনি প্রাচীন আর্য ঋষিদের সাধনার দামও দেওয়া উচিত। শ্রীমদ্ভাগবত গীতার তৃতীয় অধ্যায়ের ৩৮ নং শ্লোকে বলা হয়েছে-

"ধুমেনাব্রিয়তে বহির্বিখ্যাদর্শো মলেন চা

যথোচ্চেনাব্র্যতো গর্ভস্থখা তেনেদমাব্র্যতমা।"

অর্থাৎ যেমন ধূমের দ্বারা অগ্নি, দর্পণ মলের দ্বারা এবং গর্ভ জরায়ু দ্বারা আবৃত থাকে, তদ্রূপ তাহাদের (ষড় রিপু) দ্বারা ইহা (জ্ঞান) আবৃত থাকে। এই জ্ঞান উন্মোচিত হলেই পরমাত্মাকে অনুভব করা যায়।

আমরা না পারলেও বিজ্ঞানীদের ঈশ্বরের অস্তিত্ব স্বীকার করতে কোন কৃপণতা নেই। মণি ভৌমিক-এর 'ব্রহ্ম সত্য জগত সত্য' গ্রন্থ এরই নজির। ইনি একা নন, ম্যাক্সওয়েল, প্লানক এনারাও কোথাও কোথাও তাদের উক্তিগত এক অদ্ভুত কর্মকর্তার উল্লেখ করেছেন। যেমন ম্যাক্সওয়েল উল্লেখ করেছিলেন "Man of Science, man of god" । Albert Einstein বলেছিলেন "There is something that I can feel but cannot express in my tongue". যারা তাদের নিজ নিজ ক্ষেত্রে সাধনার সেই স্তরে পৌঁছেছেন তারাই সেই ব্রহ্মকে অনুভব করেছেন। Einstein প্রকৃতপক্ষে Pantheist ছিলেন। উনি বলেছিলেন "I believe in God who reveals himself in the orderly harmony of universe". আবার পল ডিরাক বলেছিলেন "God used beautiful mathematics in creating the world" । তাদের উক্তি ও গবেষণা Pantheism-কে কিছুটা হলেও স্বীকার করে।

Einstein এর বিখ্যাত Relativity তত্ত্বের $E = mc^2$ equation তাই ধর্ম আর বিজ্ঞানের মধ্যে সেতুবন্ধন করে। এই সমীকরণ অনুযায়ী বস্তুর স্বকীয় ভরকে শক্তিতে রূপান্তরিত করা যায়। পৃথিবীর অধিবাসী, ঘরবাড়ি, গাছপালা আদতে এ সবই ভর। এরকম কত পৃথিবী, কত গ্রহ, সৌরজগৎ আছে মহাবিশ্বের তা এই ক্ষুদ্র মস্তিষ্কে কল্পনা করাও শক্ত। এ বিশাল সংখ্যাকে শূন্য মাধ্যমে আলোর গতিবেগের বর্গ দিয়ে গুণ করলে যে ভয়ংকর দর্শন এক অকল্পনীয় সংখ্যা পাওয়া যাবে তা হবে সেই শক্তির পরিমাণ। শুধুমাত্র এটাই ছিল মহাবিশ্ব সৃষ্টির আগে এই বিপুল শক্তি কিভাবে সুনির্দিষ্ট নিয়মে সুন্দর ছন্দে ভরে (mass) রূপান্তরিত হয়ে আমাদের সৃষ্টি করল?? Mass -এর সংজ্ঞায় বলা যায় "Mass is a property of matter, which forbids the matter to achieve the velocity of light"। শক্তি স্থানান্তর হয় সবচেয়ে দ্রুত গতিতে (আলোক শক্তি)। এই শক্তি ভরে রূপান্তরিত হলে তা আর এই গতিবেগ স্পর্শ করতে পারে না। এই মতানুযায়ী তা হলে সেই বিপুল শক্তি থেকেই ভরে রূপান্তরিত হয়ে আজ এত বস্তুর সৃষ্টি হয়েছে। অর্থাৎ এই ভরগুলো সবই সেই শক্তিরই রূপান্তর বা রূপভেদ। আর আমাদের ঋষিরা কি বললেন, বললেন ভগবান সমস্ত বস্তুতে বিরাজমান, আত্মা পরমাত্মার অংশ। ঐ বিপুল শক্তিকে পরমাত্মা ও converted mass - কে আত্মা ধরলে তো বলাই যায় বিজ্ঞান আর ধর্মের বক্তব্য এক; the output is same. এটাই তো Pantheism -র দিকে চলা শুরু।

Big Bang Theory আমাদের মহাবিশ্ব সৃষ্টির পদ্ধতি সম্পর্কে ধারণা দেয়। মহাবিশ্ব সৃষ্টির সময় যে শব্দ হয় তার যা ধারণা পাওয়া যায়, একই ধ্বনির উল্লেখ পাওয়া যায় হিন্দু শাস্ত্রের বেদপুরাণে "The sound of universe" "ওম"। এক্ষেত্রেও বিজ্ঞান ও ধর্ম একই সুরে কথা বলল। বরং শাস্ত্রেই আগে বলা হয়েছে আদি ধ্বনি ওম্। তবে শাস্ত্রের সাথে একমত হয়ে কেন ভগবানের অস্তিত্ব স্বীকার করতে পারিনা?

একটা term হয়তো আমরা অনেকেই শুনেছি Golden Ratio, যার মান $\Psi = (1+\sqrt{5})/2 = 1.61803398874989484820...$ । বিশ্বের যে কোন বস্তুই এই ratio maintain করে চলে। গাছের পাতা থেকে আরম্ভ করে আমাদের শরীরের অংশ, সমস্ত কিছুই এই ratio maintain করে। আমাদের universe যে spiral way-তে expand করছে তাও golden ratio মেনে। এত সুন্দর ছন্দে এত calculation ও ছকে বাঁধা বিশ্ব! How is it possible without an engineer??

পাশ্চাত্যশিক্ষা ও আধুনিকীকরণের গ্রাসে আমরা আমাদের নিজেদের আদি সংস্কৃতি ভুলে গেছি, যে সংস্কৃতি আমাদের কোন কুশিক্ষা দেয় না, দেয় "শ্রদ্ধাবান লভতে জ্ঞানম্" এর মত মূল্যবান উপদেশ। এই সংস্কৃতি ও ধর্মকে বাদ দেবার জন্যই আজ যুবসমাজ বিপথগামী। নতুন কে বরণ করে অসুবিধা নেই কিন্তু তাই বলে নিজস্ব প্রাচীন সংস্কৃতিকে বাদ দেওয়া অর্থহীন। আমরা ধর্মের শুধুমাত্র লোকাচার ও গোঁড়ামী নিয়ে পড়ে থাকি, শিক্ষা নিই না। যে পাশ্চাত্যশিক্ষার আমরা অহংকার করি, বেদ উপনিষদের গণিতচর্চা, চিকিৎসাবিদ্যা ছাড়া সেই পাশ্চাত্যশিক্ষা খোঁড়া। ধর্ম ছাড়া আমরা বিদ্বান হতে পারি, প্রকৃত শিক্ষিত হতে পারি না। বার্নার্ড শ্‌ ও মজা করে বলেছিলেন "I am an atheist and thanks god for that"। এই ধর্ম পথে আমরা আর একজন সঙ্গী পাব। তিনি হলেন কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর। তার লাইনেই আমরা লাইন শেষ করছি।

"ভাবো তারে অন্তরে যে বিরাজে

অন্য কথা থাক না

সংসার সংকটে ত্রাণ নাই কোন মতে

বিনা তাঁরি সাধনা।"

एक चींटी की आत्मकथा

Shri Mithilesh Kumar Choubey




एक नन्हीं चींटी रोज़ अपने काम पर समय से आती थी और अपना काम अपना काम समय पर करती थी...




उसने सोचा कि अगर चींटी बिना किसी सुपरवाइजर के इतना काम, कर रही थी तो ज़रूर सुपरवाइजर के साथ वो ज्यादा काम कर सकती थी....




वो ज़रूरत से ज्यादा काम करके भी खूब खुश थी



उसने काक्रोच को नियुक्त किया जिसे सुपरवाइजरी का १० साल का अनुभव था, और वो रिपोर्टों का बढ़िया अनुसंधान करता था....




काक्रोच ने आते ही साथ सुबह आने का टाइम, लंच टाइम और जाने का टाइम निर्धारित किया, और, अटेंडेंस रजिस्टर बनाया




उसने अपनी रिपोर्टें टाईप करने के लिये, सेकेट्री भी रखी....



उसने मकड़ी को नियुक्त किया जो सारे फोनो का जवाब देता था और सारे रिकार्डों को मेनटेन करता था....




शेर को काक्रोच की रिपोर्टें पढ़ कर बड़ी खुशी हुई, उसने काक्रोच से कहा कि वो प्रोजेक्शन एनालिसिस करे और, बोर्ड मीटिंग में प्रस्तुत करने के लिये ग्राफ़ बनाए



इसलिये काफ़ोच को नया कंप्यूटर और लेज़र प्रिंटर खरीदना पड़ा.....

और उसने आई टी डिपार्टमेंट संभाल-ने के लिये , मक्खी को नियुक्त किया.....



चींटी जो शांती के साथ अपना काम पूरा करना चाहती थी इतनी रिपोर्टों को लिखकर और मीटिंगों से परेशान होने लगी.....



शेर ने सोचा कि अब वक्त हो चला है, कि जहां चींटी काम करती है वहां डिपार्टमेंट का हेड नियुक्त किया जाना चाहिये.....

उसने झींगुर को नियुक्त किया,
झींगुर ने आते ही साथ अपने आफिस के लिये कार्पेट और ए सी खरीदा.....



नये बाँस झींगुर को भी कंप्यूटर की ज़रूरत पड़ी और उसे चलाने के लिये वो अपनी पिछली कंपनी में काम कर रही असिस्टेंट को भी नई कंपनी में ले आया.....



चींटी जहां काम कर रही थी वो दुख भरी जगह हो गयी जहां सब एक दूसरे पर आदेश चलाते थे और चिल्लाते रहते थे



झींगुर ने शेर को कुछ समय बाद मना लिया की ऑफिस में टीमवर्क कमज़ोर हो गया है और माहौल बदलने के लिये कुछ करना चाहिये.....

কর্পোরেট সেক্টরে কাজ করতে গেলে মহিলারা যে সমস্যার সম্মুখীন হয়

Issues faced by women in corporate sector

বনানী সিংহ

কর্পোরেট সেক্টরে কাজ করা সবার কাছেই একটা চ্যালেঞ্জের বিষয়। এই চ্যালেঞ্জ আরো বেশি হয়ে ওঠে, যদি সেই কর্মচারী একজন মহিলা হন। মহিলাদের প্রচেষ্টা এবং দক্ষতা থাকা সত্ত্বেও তাদের পুরুষ সমকক্ষদের তুলনায় অনেক বেশি সংগ্রাম করতে হয়, সকল সম্প্রদায়ের মধ্যে স্বীকৃত হওয়ার জন্য।

২০২৪ সালে দাঁড়িয়েও ভারতে প্রতি 100 জন পুরুষে মহিলা কর্মচারী বা ব্যবসায়ির সংখ্যা মাত্র ৭ জন। শুধুমাত্র ভারতবর্ষে নয়, পৃথিবীর প্রায় সব জায়গাতেই মহিলাদেরকে কর্পোরেট সেক্টরে কাজ করতে গেলে কোন না কোন অসুবিধা বা চ্যালেঞ্জের মুখে পড়তে হয়।

ভারতে একজন মহিলা কর্পোরেট সেক্টরে কাজ করার সময় যে সকল চ্যালেঞ্জের মুখোমুখি হয় তার কয়েকটি নীচে দেওয়া হল:

- ❖ **কম সেক্টর-ই নারী বান্ধব:** লিঙ্গ সমতা উন্নীত করার জন্য নীতি এবং ব্যবস্থা থাকা সত্ত্বেও পুরুষরা এখনও ভারতের বাস্তবতায় আধিপত্য বিস্তার করে। যে সকল সেক্টর গুলিতে পুরুষকেন্দ্রিক প্রকৃতি বিরাজমান, সেই সকল জায়গাগুলি নারী বান্ধব না হওয়ায়, মহিলারা সেখানে কাজ করতে পারে না।
- ❖ **সামাজিক সহযোগিতার অভাব:** বেশিরভাগ মহিলা তাদের পরিবার, বন্ধু বান্ধব, আত্মীয়-স্বজনের কাছ থেকে কর্পোরেট সেক্টরে কাজ করার জন্য প্রয়োজনীয় সামাজিক সমর্থন পায় না।
- ❖ **ঐতিহ্যগত দায়িত্ব পালনের জন্য চাপ:** সামাজিকভাবে পুরুষ ও মহিলা উভয়কেই নির্দিষ্টভাবে কিছু দায়িত্ব পালনের জন্য শর্ত দেওয়া হয়। যেমন মহিলাদের রান্না করা, গৃহস্থালির কাজ করা, বাচ্চাদের বড় করা, বয়স্কদের যত্ন নেওয়া ইত্যাদি কর্তব্য পালনের কথা বলা হয়। প্রায়ই মহিলাদেরকে বাইরের কাজ ছেড়ে প্রথাগত দায়িত্ব পালনের কথা বলা হয়। এমনকি একজন মহিলা যদি অন্যান্য জিনিসের থেকে তার ক্যারিয়ারকে বেশি গুরুত্ব দেন, তাহলে তাকে অবজ্ঞা করা হয়।
- ❖ **সীমিত গতিশীলতা:** সীমিত গতিশীলতা ভারতে মহিলা কর্মচারীদের মৌলিক সমস্যাগুলির মধ্যে একটি। নিরাপত্তার কথা চিন্তা না করে তারা একা ভ্রমণ করতে পারে না বা ব্যবসায়িক উদ্দেশ্যে হোটেলে থাকতে পারে না। এমনকি ভারতের অনেক হোটেল এখনোও কোন পুরুষের সাথে না থাকলে মহিলাদের চেক-ইন করার অনুমতি দেয় না।

- ❖ **পরিবার ও ক্যারিয়ারের মধ্যে দায়িত্বের ভারসাম্য বজায় রাখা:** পরিবারকে প্রায়ই সম্প্রসারণ হিসেবে ধরা হয়। বিবাহিত মহিলারা একটি নির্দিষ্ট বয়সের মধ্যে মাতৃত্ব প্রবেশ করবে এবং তাদের সন্তানদের লালন-পালনের প্রধান ভূমিকা পালন করবে বলে আশা করা হয়। এটি তরুণ মায়েদের তাদের কর্মজীবন থেকে বিরতি নিতে এবং তাদের পরিবারকে অগ্রাধিকার দিতে বাধ্য করে। ফলে প্রায়ই মহিলাদেরকে তাদের পারিবারিক প্রতিশ্রুতির সাথে দ্বন্দ্বের মধ্যে পড়তে হয়। কোন নারী যদি তার কর্মজীবনকে অগ্রাধিকার দেয় তাহলে তাকে দোষী মনে করা হয়।
- ❖ **কম ঝুঁকি বহন করার ক্ষমতা:** মহিলাদের প্রায়ই আর্থিক স্বাধীনতা থাকে না এবং স্বাধীন সিদ্ধান্ত নেওয়ার অভ্যাস থাকে না। তাদের নিজেদের সিদ্ধান্তের প্রতিও আস্থার অভাব রয়েছে, যা তাদের ঝুঁকি বিমুখ করে তোলে।
- ❖ **সর্বশেষ ভাবনা:** মহিলা কর্মচারীদের মুখোমুখি হওয়া এই সমস্যাগুলি মোকাবেলার জন্য সর্বোত্তম উপায় হল- একটি লালনশীল ব্যবসায়িক বাস্তুতন্ত্র তৈরি করা। যা তাদের একটি নিরাপদ কাজের পরিবেশ এবং সামাজিক ও প্রতিষ্ঠানিক সহায়তা প্রদান করবে।।



জরীপ্ বিদ্

সৌরভ দত্ত


কোন এক দেশের এক প্রান্তে পাহাড় ঘেরা এক গ্রাম ছিল। এবং সেই পাহাড়ের পাদদেশ দিয়ে একটি নদীও বয়ে যেত তার নিজস্ব গতিতে, নিজস্ব ছন্দে। সময়টি তখন গ্রীষ্ম-এর। অত্যাধিক গরম, চারিদিকে যেন আগুনের উষ্ণা ছুটে চলেছে। মনে হচ্ছে সূর্য আর পৃথিবীর দূরত্ব কমে এসেছে। সূর্যদেব যেন স্বয়ং পৃথিবীতে বিরাজ করছেন। এত উত্তাপ সেখানকার মানুষ কিছু বছর আগেও অনুভব করেননি। দিন দিন বেড়ে চলা সূর্যের উত্তাপ সেখানকার মানুষদের গভীর চিন্তা এবং সংকটের দিকে ঠেলে দিচ্ছে। কারণ সেখানকার মানুষের পানীয় জলের উৎস পাহাড়ের গা বেয়ে নেমে আসা ঝরনা বা নদী। যা অত্যন্ত উত্তাপের কারণে দিন দিন কমে যাচ্ছে। পানীয় জলসহ চাষাবাদ এর জলের পরিমাণ দিন দিন কমে যাচ্ছে।

এদিকে অত্যাধিক গরমের কারণে গ্রামের স্কুলে তখন ছুটির পিরিয়ড চলছে প্রতি বছরের ন্যায়। আগে গরমের দিনে সেখানকার স্কুলে ১৫ থেকে ২০ দিন ছুটি দেওয়া হতো। এখন সেটা একমাস করে দেওয়া হয়েছে। স্কুলের ছুটি চলাকালীন সময়ে গ্রামের ছেলে মেয়েরা তাদের বাড়িতে পড়াশোনা চালিয়ে যাচ্ছে তাদের পিতামাতার কাছে। নাম না জানা এক ছেলে, যার বয়স হয়তো ৯-১০ বছর হয়েছে। ছেলেটি তার পড়াশোনার ফাঁকে মাঝেমধ্যেই তাদের বাড়ির জানালা থেকে পাহাড়ের এবং পাহাড়ের গা বেয়ে ঝরে পড়া ঝরনার মনোরম দৃশ্য দেখতে থাকে। অপরদিকে অন্য আরেকটি পাহাড়ের গা বেয়ে একটি রাস্তাও চলে গিয়েছে পাহাড়টির অপর প্রান্তে থাকা গ্রামের দিকে।

হঠাৎ একদিন ছেলেটি দেখতে পাই যে কিছু মানুষ দূরের ওই পাহাড়ের কাছে কি যেন করছে। সে দেখে যে মানুষগুলি কখনো কখনো পাহাড়ের গা বেয়ে উপরের দিকে উঠছে আবার নেমেও আসছে কিছু সময় পর। কেউ কেউ পাহাড়ের পাদদেশে বয়ে চলা নদী পেরিয়ে যাচ্ছে। ছেলেটি বুঝতে পারেনা আসলে তারা কি করছে সেখানে, তাও আবার এত উত্তাপ, এত গরমের মধ্যে সকাল থেকে সন্ধ্যা। যেখানে অত্যন্ত উত্তাপের কারণে গ্রামের কৃষকরাও ভোরবেলায় ক্ষেতে যায় এবং বেলা দশটার মধ্যে চাষের কাজ সেরে তারা তাদের বাড়িতে ফিরে আসে। গ্রামের নারী-পুরুষ, বালক, বৃদ্ধ-বৃদ্ধা, কেউ বেলা ১০ টার পর বাড়ির বাইরে যায় না অত্যন্ত উত্তাপের কারণে। সেখানে এই মানুষগুলি সারাটা দিন পাহাড়ের জঙ্গলে এত উত্তাপের মধ্যেও কি করে? কিভাবে প্রতিদিন তারা সকাল থেকে সন্ধ্যা সেখানে টিকে থাকে? এইসব দেখে ছেলেটির মনে কৌতুহল জাগে। তাই সে একদিন তার মাকে জিজ্ঞাসা করল যে মা দূরে ওই পাহাড়ের কাছে ওই মানুষগুলো কারা? এত উত্তাপের মধ্যেও সকাল থেকে সন্ধ্যা ওরা ওখানে কি করে? আমরা তো এই উত্তাপের কারণে বাড়ির বাইরে যেতেও ভয় পাই। ছেলেটির মা তখন উত্তরে বলে যে এনারা কোন সাধারণ মানুষ না। পৃথিবীর যেকোন প্রান্তে গড়ে ওঠা কোন সভ্যতা, কোন নগর বা কোন শহর, কোন জনপদ, সড়ক পথ, রেলপথ, মেট্রো পথ এবং রেলস্টেশন, মেট্রো স্টেশন, বিমানবন্দর, বড় বড় কলকারখানা কোন নদী বা সমুদ্রের ওপর তৈরি করা সেতুসহ সমস্ত কিছু নির্মাণ কাজের জন্য সর্বপ্রথমে এরাই কদম রাখেন। সে পাহাড় বা সমুদ্র, জঙ্গল বা নদী-নালা, এমনকি মরুভূমি হোক বা হিমবাহ।

পৃথিবীর সমস্ত কিছু নির্মাণ কাজের জন্য সর্বপ্রথম এনাদের রাখা কদমই সভ্যতাকে অনেক বেশি অগ্রিম এবং উন্নত বানিয়েছে।

অথচ কাজ শেষ হওয়ার সাথে সাথেই মানুষ এদেরকে ভুলে যায়, কেউ মনে রাখেনা এনাদেরকে। এনারা না থাকলে কোন সভ্যতায় এত তাড়াতাড়ি এত অগ্রিম, এত উন্নত হতে পারত না। যেকোনো নির্মাণ কাজেই সমস্ত বিভাগের মানুষের প্রয়োজন হয়, কিন্তু এনারা প্রত্যেকটি নির্মাণ কাজের শুরু করে থাকেন। যেখানে কোনদিন কেউ যায়নি সেখানেই এরাই সর্বপ্রথম যান এবং বাকি বিভাগের মানুষদের যাওয়ার পথ সুগম করে তোলেন। বাকিদের জন্য যাওয়ার উপযুক্ত বানিয়ে তোলেন, থাকার উপযুক্ত বানিয়ে তোলেন। কারণ কোন কিছু নির্মাণ কাজের জন্য সর্বপ্রথম প্রয়োজন হয় সেই জায়গার নকশা বা মানচিত্র। সেই জায়গার অবস্থান বা স্থানাঙ্ক, সমুদ্রপৃষ্ঠ থেকে সেই জায়গার উচ্চতা এবং সেই সমস্ত কাজ একমাত্র এনারাই করে থাকেন। তাই সেই জায়গা হোক না যতই ভয়ঙ্কর, যতই দুর্গম, যতই কষ্টকর এনাদেরকে সর্বপ্রথম কদম রাখতেই হয়। এই সমস্ত কারণের জন্য এনাদেরকে কখনো কখনো বিনা খাদ্য বা বিনা পানীয়তেও কার্য সম্পন্ন করতে হয়। অনেক সময় এনাদের কে মৃত্যুর সম্মুখীনও হতে হয়। কিন্তু মৃত্যুর ভয় না পেয়ে কার্যটিকে সফল এবং সম্পন্ন করে ফিরে আসেন এনারা। এনাদের কার্যের ফলেই বাকি বিভাগের মানুষদের কার্য অনেক সহজ হয়ে যায়। এনারা প্রখর রৌদ্রে, অত্যন্ত ঠান্ডা বা শীতল পরিবেশেও কার্য সম্পন্ন করেন। এনারা যেকোনো পরিস্থিতি বা যেকোনো পরিবেশে মিশে যেতে পারেন। যেকোনো পরিস্থিতিতেই আপন বানিয়ে কার্য সম্পন্ন করে থাকেন। জঙ্গলে কার্য করার সময় বন্য জন্তুর ভয়, পাহাড়ে কাজ করার সময় সেখান থেকে পা পিছলে খাদে পড়ে যাওয়ার ভয় ইত্যাদি সমস্ত কার্যস্থানেই এদের কে ভয় পেতে হয়। কিন্তু এনারা ভয় কে জয় করে ফিরে আসেন। এনারাও মানুষ, তবে কোন সাধারণ মানুষ না এনারা হলেন জরিপবিদ ।



চাকরি জীবনে এক নারীর অভিজ্ঞতা

মনিদীপা সরকার

"কি হে সোমা রানী, অফিসের প্রথম দিনেই ডুব মারা খান্দা নাকি"? বাবার কথায় হ্রমুর করে ঘুম থেকে এক ধাক্কা মেরে নিজেকেই তুলল সোমা, বলা উচিত উঠতে বাধ্য হল। ইস... সোয়া নয়টা বাজে প্রায়, আজ প্রথম দিনই অফিস লেট হবে। লাফিয়ে উঠে রেডি হতে গেল সোমা বসু। তাড়াতাড়ি স্নান সেরে বাবার আনা নতুন ফরমাল ড্রেসটা পড়ে বেরিয়ে পড়ল। ধীর মেট্রো ঠেলে ময়দানে নেমে বড় রাস্তায় পা দিয়ে ধীরে ধীরে অফিসে প্রবেশ করলো। অফিসের প্রথম এক দুই সপ্তাহের অভিজ্ঞতা তার ভালোই ছিল, সেজেগুজে ভালো ভালো জামা কাপড় পড়ে নতুন নতুন অফিসে যেতে কার না ভালো লাগে সোমারও তার ব্যতিক্রম হলো না। কিন্তু যতদিন যায় সে বুঝতে পারে কর্পোরেট সেক্টরে একটা সিনিয়রের সাথে একটা জুনিয়র এমপ্লয়ির কম্পিটিশনে এগোনটা কতটা কঠিন আবার সেটা যদি সেক্স ডিফারেন্সের হয় মানে নারী আর পুরুষের মধ্যে। কোন পাটি হলে যখন সবাই অ্যালকোহলের মজায় মজে যেত সোমাকেও বারবার ফোর্সফুলি রিকোয়েস্ট করা হতো। কোনো কোনো বার তো এমনও হয়েছে তারই কোন সিনিয়র গার্ল তার মুখে জোর করে অ্যালকোহল ঢেলে দিয়েছে। আবার অফিসে এক সিনিয়র গার্ল এর সাথে বসের নাকি খাস সম্পর্ক, কানাঘুষো শোনা যায় তাদের মধ্যে নাকি আবার সেক্সচুয়াল সম্পর্কও আছে তাই ওই দিদির নাকি প্রতি বছর ইনক্রিমেন্ট বাড়ে কিন্তু বসের বউ দিল্লিতে থাকে তার আবার দুটো ছেলেও আছে। এইতো সমাজের অবস্থা কাকে ছেড়ে কাকে দোষ দেব। সোমা যখন চাকরি জয়েন করে তখন তার মা বাবা ছাড়া ফ্যামিলির কেউই তাকে সেরকম সাপোর্ট করেনি। সবাইতো বলেছিল গ্রাজুয়েশন হয়ে গেছে বিয়ে দিয়ে দাও জিন্স টপ পড়ে চাকরি করবে আবার কি?

❖ অফিস থেকে বাড়ি ফেরার পথে-

ইস আজ বড্ড দেরি হয়ে গেল অফিস থেকে ফিরতে ট্রেনটা ধরতে পারবো তো শেষ পর্যন্ত ? বৃষ্টিটাও আসার আর সময় পেল না, অসময়ের বৃষ্টি, ভিজলে আর রক্ষে ছিল না।

নিজের সাথেই কথা বলতে বলতে হন হন করে শিয়ালদা স্টেশনে এগিয়ে চলেছে সোমা, পরনে হালকা সবুজ রঙের কুর্তি ও রানী কালারের লেগিনস। ফর্সা গায়ের রঙের উপর কুর্তিটা যেন আরো খেলছে। অনেকটা ছোট্টার পর ট্রেন ধরার ফলে সোমার মুখ চোখ প্রায় লাল হয়ে গেছে। ঘনঘন নিশ্বাস প্রশ্বাসের ওঠনামার সাথে সাথে তার উর্ধ্বত ভরা স্তনদয়ের ছান্দিক ওঠানামা ঐ কামড়ায় থাকা বহু পুরুষের বুকে জ্বালা ধরাচ্ছে। তা তাদের দৃষ্টি থেকে স্পষ্ট। অনেক নারী তাদের ব্যাগ কিংবা হাতে থাকা অন্যান্য জিনিস দিয়ে তাদের বেসামাল অঙ্গটিকে আড়াল করতে ব্যস্ত, সোমা এইসবের কিছুই জানতো না যদিও। গলা শুকিয়ে কাঠ, একটু জল পেলে ভালো হতো, আমার জলটাও শেষ মনে মনে ভাবল সোমা! একটি জানালার দিকে সিট নিয়ে বসলো সোমা রাতের দিকে ট্রেন হওয়ায় ট্রেনটা বেশ ফাঁকা ফাঁকাই ছিল, হালকা শীতল বাতাস চেহারার ক্লান্তি ভাবকে ধীরে ধীরে নিবারণ করছিল। যদিও মাথার ঘাম বেরিয়ে কানের পাশ বেয়ে গলা বেয়ে আঁকাবাঁকা পথ অনুসরণ করছে একটি সুড়সুড়ি অনুভূত হওয়ায় সোমা রুমাল বার করে ঘামটি মুছতে যাবে ঠিক তখন ই চোখ পরে তার সামনে

আরোস্ট ভাবে বসে থাকার কিছু পুরুষের ঘোর লাগা দৃষ্টির উপর মেয়েটি বুঝতে আর বাকি থাকে না পুরো ব্যাপারটা।

আসলে রোজকার যাতায়াতে এই ধরনের দৃষ্টি ধর্ষণের শিকার এবং সাক্ষী হতে হয় বহু নারী বা যুবতী বা মহিলাকে, সকাল বা সন্ধ্যার ভীরে ঠাসা ট্রেনে যাতায়াত করতে গিয়ে দেখা যায় কিছু বিকৃত মনস্ক কামুক নারীর শরীর লোলুপ পুরুষেরা মহিলাদের পিছনে কিভাবে গা ঘেঁষে দাঁড়িয়ে উত্তেজনার আগুনে নিজেদের শরীর সেকেনে নেয়। বলা যায় স্কুল লাইফ থেকেই মেয়েরা এরকম নোংরামির সাক্ষী হয়েছে বহুবার বহু সময়। ভিড়ে ঠাসা গণপরিবহন সে বাস হোক বা ট্রেন, এই ধরনের হেনস্থা শিকার হয়নি একবারও এমন নারীর খোঁজ পাওয়া যাবে কিনা সন্দেহ আছে। অধিকাংশ মেয়েই সেই সময় লজ্জা কিংবা ভয়ে প্রতিবাদ করতে পারে না সেই সময় ঠিক করে।

❖ বিবাহের পর কর্পোরেট জয়েনিং -

দিনটা বেশ ভালোই শুরু হয়েছিল। দুপুরে অ্যাপয়েন্টমেন্ট লেটারটা পাওয়ার পর থেকেই সুখবরটা সোহমকে দেওয়ার জন্য উদগ্রীব হয়েছিল সোমা। স্বপ্নেও ভাবেনি খবরটা শুনে সোহম এইভাবে রিয়েক্ট করবে। সোমা যে বিয়ের আগে চাকরি করতো সোহম সেটা জানতো, সোহমের অন্য জায়গায় পোস্টিং বলেই সোমা চাকরিটা ছেড়ে দেয়। বিয়ের পরে যে সোমা চাকরি করবে সেটা জেনেই সোমার মা বাবা সোহমের সাথে বিয়ে দেয়। আপত্তি থাকলে তো আগেই বলতে পারত এখন এরকম react করার মানে কি? কথাটা শুনেই চৈঁচিয়ে উঠল সোহম "চাকরি পেয়েছো মানে, কবে এপ্লাই করলে, ইন্টারভিউই বা কবে দিলে? আমাকে জানানোর প্রয়োজন মনে করনি! হতোবাক হয়ে গেছিল সোমা নিজেকে সামলে নিয়ে বলল তুমি যখন বিজনেস ট্যুরে গেছিলে তখনই দিয়েছিলাম ইন্টারভিউটা। আজ লেটারটা এল তাই তোমাকে সোমার মুখের কথা কেড়ে নিয়ে সোহম বললো না না চাকরি ফাকরি করতে হবে না, অভাব আছে নাকি কিছু। খাচ্ছ যাচ্ছ বাড়িতে আছো পোষাচ্ছ না। মেয়েদের চাকরি করতে যাওয়া জানা আছে দেখি তো অফিসের মেয়েগুলোকে, শুধু মেকআপ করে ব্যাগ দোলাতে দোলাতে ন্যাকামি মারতে আসে। আর সারাদিন বসে বসে গল্প শুধু বাড়ির কাজ ফাঁকি দেওয়ার ধান্দা। এত নিম্নমানের মানসিকতা, এত নোংরা চিন্তা মেয়েদের নিয়ে মনে মনে চিন্তা করতে লাগলো সোমা। তারপর আবারো নিজেকে সামলে নিয়ে বলল আমি তোমাকে আগেই বলেছিলাম চাকরিটা আমি করব। বলেছিলে তো বলেছিলে, সরকারি চাকরি হলে তাও ঠিক ছিল বা স্কুল টিচার হলেও মেনে নিতাম। কিন্তু তুমি যাবে কর্পোরেট ওয়াল্ডে, আরে কোনো ধারণা আছে মেয়েরা ওখানে কি করে চাকরি টিকিয়ে রাখে শ্রী ইঙ্গিত করে হেসে উঠলো সোহম।

এখানেই শেষ নয় সন্তান জন্ম দেওয়ার পরও যদি কোনো নারী চাকরি করতে চায় কিংবা নিজের কর্মস্থলে ফিরতে চায়, সে ক্ষেত্রেও তাদের পদে পদে গুঞ্জনা সহ্য করতে হয়। " বাচ্চার মা হয়েছ এখন আবার এসব কেন"? স্বামী স্ত্রী দুজনেই বাইরে কাজ করলে বাচ্চাদের মানুষ করবে কে? অর্থাৎ এমন একটা পরিস্থিতির সৃষ্টি করা হয় যেন তাদের দেখভাল, লালন পালনের দায়ভার পুরোটাই একটা মায়ের, বাবার কোনো দায়িত্বই নেই। এরকম বিভিন্ন প্রতিকূল পরিস্থিতির মুখোমুখি হয়েই অনেক নারীর কাছেই মাতৃত্ব জীবনের পূর্ণতা বা প্রাপ্তির প্রতিচ্ছবি হয়ে থাকে

না, তা হয়ে ওঠে নিজের স্বকীয়তাকে, স্বপ্ন প্রত্যাশা কে চিরতরে বিস্মজনের নেপথ্যের কারণ। নিজে থেকে যারা সন্তানের কথা ভেবে নিজেদের কর্মজীবন জীবনকে বিদায় দেন তাদের কথা না হয় বাদই দিলাম, এদেশের ঘরে ঘরে এরকম লক্ষ লক্ষ মাকে পাওয়া যাবে যারা নিজেদের ইচ্ছার একমাত্র মাতৃত্বকেই একমাত্র পেশা হিসেবে বেছে নিতে রাজি ছিলেন না কিন্তু সমাজ সংসার তাদের উপর এটা চাপিয়ে দিয়েছে।

আজ সোমা দিল্লির এক মাল্টিন্যাশনাল কোম্পানিতে কর্মরত অনেক আপ এন্ড ডাউন পেরিয়ে আজ সে এই জায়গায় এসেছে। কোম্পানিতে খুব খারাপ ছেলে যেমন আছে ভালো হেল্পফুল ছেলেও আছে। যারা তাকে আরো উঁচুতে উঠতে সাহায্য করে। সোহম মানে তার বরের সাথে তার অনেক দিনই ছাড়াছাড়ি হয়েছে। তার ছেলেও মাকে নিয়ে দিল্লির ফ্ল্যাটে সে থাকে। বাবাও মারা গেছে বেশ কিছুদিন হল, তবুও চাকরিটা তার সাথে থেকেই গেছে।

শুধু চাকরিজীবনই নয় নারীদেরকে প্রতি নিয়তই অনেক স্ট্রাগলের মুখোমুখি হতে হয়। যেমন - চাকরি জয়েন করা, চাকরি শেষে রাতে বাড়ি ফেরা, কিংবা বিয়ের পরে চাকরি, বাচ্চা হওয়ার পরে চাকরির ইচ্ছা সব ক্ষেত্রেই বিভিন্ন ঘাত প্রতিঘাতের মাধ্যম দিয়ে যেতে হয়। তবুও আজ ভারতের ৭০% নারী কর্মরত। প্রেগনেন্সি তিন চার মাস ই বলুন কিংবা ঋতুস্রাবের হাজারো কষ্ট সহ্য করেও তারা বাসে ট্রেনে যাতায়াত করে কর্মস্থলে যায়। এত ধর্যনের যুগেও তারা পুরুষের সাথে কাঁধে কাঁধ মিলিয়ে লড়াই করার চেষ্টা করছে।

" কোনকালে একা হয়নি কো জয়ী পুরুষের তরবারি প্রেরণা দিয়েছে শক্তি দিয়েছে বিজয়া লক্ষ্মী নারী "

..... কাজী নজরুল ইসলাম

Care the Earth

ছেলেবেলার কথা

কিরণ সৌ

আজ আমি আপনাদের আমার ছোটবেলার একটা গল্প শোনাবো। আমার বয়স তখন অনেক কম আমি তখন ক্লাস থ্রি ফোর এ পড়ি। তখন দিনগুলি ছিল খুব মজার। সকালে ঘুম থেকে তাড়াতাড়ি উঠে আর মুখ ধুয়ে পড়তে বসা তারপরে স্নান করে ভাত খেয়ে স্কুলে যাওয়া। স্কুলে গিয়ে পড়াশোনা করা এবং বন্ধুদের সঙ্গে খেলা করা এইভাবে আনন্দের দিন কাটতো। কত মজার মজার খেলা ছিল তখন লুকোচুরি, ছোঁয়াছুঁয়ি লাফ দৌড় আরো কত কি। বন্ধুরা মিলে একসঙ্গে স্কুলে যাওয়া, খেলে বেড়ানো সবই ছিল অনেক আনন্দের, অনেক মজার। এইভাবে দিন কাটছিল।

সেই বছর ধর্মরাজ পুজোর সময় একটা ঘটনা ঘটেছিল। সেই ঘটনায় আজ আপনাদের শোনাবো। আমাদের গ্রামে ধর্মরাজ পুজো হয় বৈশাখ বা জ্যৈষ্ঠ মাসে বুদ্ধ পূর্ণিমা তিথি তে। পুজোর সময় আমাদের গ্রামে মেলা বসে। মেলায় কত রকমের দোকান খেলনার দোকান, নাগরদোলা, জিলিপির দোকান আরো কত কি। আবার রাতে নানা রকমের অনুষ্ঠান হতো। এমনই পুজোর সময় রাতে আমি দাদা এবং আমার কয়েক বন্ধু মিলে গ্রামের বাইরে দিকে বেড়াতে যায়। তখন আমাদের সঙ্গে মোবাইলও ছিল না আর টর্চ ছিল না। আমরা বেড়াতে বেড়াতে গ্রামের অনেকটা বাইরে চলে এসেছি। জায়গাটা ছিল একটা খেলার মাঠের মতো সেখানে আমাদের গ্রামে কেউ মারা গেলে মুখাণ্ডি করা হতো। আমরা সবাই সেটাকে বলতাম মরা পোঁতা ডাঙ্গা। চাঁদের আলোয় চারিদিক খুব সুন্দর লাগছিল দেখতে। আমরা কিছুকষণ গল্প করার পর বাড়ির দিকে পা বাড়ায়। হঠাৎ আমাদের চোখ যায় মাঠের ওপর একটা জিনিস। জিনিসটা দেখে আমরা সবাই চমকে উঠি। টর্চ না থাকার জন্য আমরা জিনিসটা আসলে কি সেটা ভালো করে বুঝতে পারি না কিন্তু জিনিসটা দেখে সবারই মনে সন্দেহ হয়। যেহেতু সেখানে কেউ মারা গেলে মুখাণ্ডি করা হতো তাই জায়গাটা সম্বন্ধে সবারই একটু ভয় লাগছিল। আবার গ্রামের অনেকটা বাইরে বলেই আশেপাশে লোকজন নেই, তাই সবার ভয়ে গা ছমছম করতে থাকে। আবার জিনিসটা আসলে কি সেটার জন্য কৌতূহলেরও সৃষ্টি হয়। জিনিসটা দেখতে ছিল অনেকটা মানুষের কাটা মাথার মতো। তাই কাছে গিয়ে দেখতেও ভয় হচ্ছিল। এমন সময় আমার দাদা বলল জিনিসটা কি সেটা আমাদের জানতেই হবে চল সবাই বাড়ি গিয়ে টর্চ নিয়ে আসি। আমরা তখন সবাই দাদার কথা শুনে বাড়ি গিয়ে একটা টর্চ নিয়ে আসি এবং সেই জায়গাতে আবার যায়। কিন্তু সেটার ওপর টর্চের আলো ফেলতে মনে মনে ভয় হয়, সত্যি যদি সেটা মানুষের কাটা মাথা হয়। অবশেষে সাহস দেখিয়ে দাদায় প্রথম সেটার ওপর আলো ফেলে। তখন সেটা দেখে আমরা সবাই অবাক হয়ে যায় এবং হেসে ফেলি। কারণ সেটা ছিল একটা মাটির চাঙুর। আর সেটা আমরাই ওটাকে ওখানে রেখেছিলাম। ওটাই হচ্ছে আমাদের ক্রিকেট খেলার বাউন্ডারি। ধান কেটে নেওয়ায় ধানের গোড়া মাটির সঙ্গে লেগে থাকে সেটাকেই দেখতে অনেকটা মানুষের মাথার মতো লাগছিল আর ধানের গোড়াটা লাগছিল গোঁফের মতো। এরপর এটা দেখে আমরা সবাই মিলে হাসতে থাকি এবং এক কৌতূহলকে জয় করা আনন্দে বাড়ি পথে পা বাড়ায়। এইজন্যই বলা হয় যদি কোন কিছু নিয়ে কৌতূহল থাকে তাহলে সেটাকে অবশ্যই দমন করা উচিত।



কর্মক্ষেত্রে নারীদের সমস্যা

প্রিয়া কুমারী সাও

বহুরের পর বহুর পিতৃতন্ত্রের সাথে লড়াই করার পর অবশেষে মহিলারা আজকের দিনে কর্পোরেট ওয়ার্ল্ডের এক অবিচ্ছেদ্য অংশ হয়ে উঠেছে, তারা শুধু তাদের মাতৃত্ব ও উদ্যোগের প্রতি তাদের কর্তব্য পূরণের সক্ষম তাই নয় তাদের প্রায় অর্ধেকেরও বেশি ব্যবসার মালিকানা রয়েছে, এই মালিকানা অর্জনের পেছনে তাদেরকে নানান বাধার গণ্ডি কে হার মানিয়ে তারা নিজেদের জন্য জায়গা করে নিয়েছে। কিন্তু তা সত্ত্বেও একজন নারী হিসেবে, প্রথাগত ভূমিকা মেনে চলার জন্য সামাজিক চাপ থেকে শুরু করে পেশাগত পরিবেশে বৈষম্য এবং কম সুযোগের সম্মুখীন হওয়া পর্যন্ত সবই তার কাছে একটি চ্যালেঞ্জের মত হয়ে ওঠে।

কর্মক্ষেত্রের নারীরা নিয়মিত বেশ কিছু সমস্যার সম্মুখীন হন, সেইগুলো নিয়ে বিস্তারে কিছু বলা যাক :-

পারিবারিক সমর্থনের অভাব---

একজন কর্মজীবী মহিলার জন্য পারিবারিক সমর্থনের অভাব একটি গুরুত্বপূর্ণ সমস্যা হয়ে দাঁড়ায়। অনেকের বাড়িতে মেয়েদের বাইরের কাজ করার বিষয়টা মেনে নিতে পারে না, তাদের মধ্যে আবার অনেকেই মনে করেন মেয়ে ২২ বছরের হওয়া মানে বিয়ে দিয়ে দেওয়া, এই সমাজে এমনও মানুষ আছে যারা ছেলে আর মেয়েদের সমান চোখে দেখে না। তারা ভাবেন যে একমাত্র ছেলেরাই বাইরে গিয়ে কাজ করতে পারে/পারবে, কিন্তু তারা এটা বোঝেনা যে কন্যা সন্তানকে সঠিক শিক্ষা দিয়ে মানুষ করলে তারাও একদিন এই সমাজের রত্ন হয়ে উঠবে।

➤ নিরাপত্তা এবং মর্যাদার প্রতি চ্যালেঞ্জ-

সাধারণত, ভারতীয় সমাজে গোড়া মানসিকতা একজন কর্মজীবী মহিলার পক্ষে কঠিন করে তোলে। নারীদের নির্দিষ্ট সময়সীমার মধ্যে কাজ করে বাড়ি ফিরতে হবে। কোনো নারী যদি অফিসের কাজের চাপে যদি কখনো সময়ের উর্ধ্বে গিয়ে কাজ করে। তখন তাদের নানান সমালোচনার মধ্যে দিয়ে যেতে হয়। তাছাড়া অনেক সময় নিরাপত্তাহীন সামাজিক পরিবেশের কারণে গভীর রাতে কাজ করতে দ্বিধাবোধ করে।

➤ গর্ভাবস্থার বৈষম্য-

গর্ভাবস্থার কারণে অনেক নারী তাদের কর্মক্ষেত্রে পদোন্নতির সুযোগ থেকে বঞ্চিত হন। নিয়োগকর্তারা মনে করেন যে তারা মাতৃত্বের কারণে কাজের চাপ সামলাতে পারবে না। অনেক ক্ষেত্রে দেখা যায়, যে গর্ভবতী নারীদের মধ্যে প্রায় অনেকেই কাজের চাপের কারণে তারা স্বাস্থ্য সচেতন হয়ে উঠতে পারে না। তার ফলে তাদের স্বাস্থ্যে নেতিবাচক প্রভাব পড়ে।

➤ যৌন হয়রানি-

কর্মক্ষেত্রে নারীদের যৌন হয়রানি একটি গুরুত্বপূর্ণ সমস্যা যা আজও বিভিন্ন দেশে বিভিন্নভাবে নারীদের উপর এই অত্যাচার হয়ে চলেছে, যার ফলে নারীদের ব্যাপকভাবে মানসিক ও শারীরিক স্বাস্থ্যের ওপর প্রভাব পড়েছে এবং তার ফলে তাদের কর্মজীবনে নানারকম বাধার সৃষ্টি হয়েছে।

➤ কর্মজীবনের ভারসাম্য বজায় রাখা-

একটি নারীর পক্ষে কর্মজীবনের সাথে সাথে পরিবারের ভারসাম্য বজায় রাখাটা একটু হলেও কঠিন হয়ে পড়ে। একজন মহিলা কর্মচারীকে তার সব দিকটা ভেবে চলতে হয়। এমন অনেক মহিলা আছেন যারা কর্মজীবনের সাথে সাথে পরিবারের ভারসাম্য বজায় রাখতে না পেরে তারা চাকরি ছাড়তে বাধ্য হয়েছে।

➤ যাতায়াতের অসুবিধা-

অনেক নারীদের তাদের বাড়ির কাছে অফিস না থাকার কারণে তাদেরকে কর্মসূত্রের জন্য বাড়ি থেকে দূরে যেতে হয় যার কারণে তাদের যাতায়াতে অনেক সমস্যার সম্মুখীন হতে হয়।

রথের দেহ - দেহের রথ

বিশ্বজিৎ ঘোষ

যেথায় নানা রূপে নব বেশে এসে বারংবার

নিয়েছ জন্ম, দিয়েছ ধরা, হয়েছ সাকার।

যুগে যুগে ধর্ম রক্ষায়, পাঠিয়েছ অবতার

প্রণাম পরম পিতা বিশ্ব পিতা, ব্রহ্ম নিরাকার।



আদি শঙ্করাচার্য দিলেন নাম; চার ধাম

একেবারের দর্শনেই পুরবে মনস্কাম।

দক্ষিণে রামেশ্বর, উত্তরে বদ্রি - কেদারনাথ

পশ্চিমে দ্বারকা যেথায় পুবে জগতের নাথ।

বছরখানের একটি দিনে, মাসির বাড়ি যাত্রা

রথের উপর সেজে বসেন, জগৎ পরিব্রাতা।

রথের দড়িতে লাগলো টান, মহা ধুমধাম

চলেছেন জগন্নাথ, সুভদ্রা, ভ্রাতা বলরাম।

রাজার আজ রাজ্যভ্রমণ, ভক্তের সমাহার

ক্ষণিকের দর্শনে মুক্তি, জরা - ব্যাধি - বিকার।

বড় বড় চোখে রাজার, কিছুই যায়না এড়িয়ে

প্রজার বিপদাপদ চিন্তা বলাই, সব যায় পেরিয়ে।

দুইশত - ছয়টি হাড়ে, মানব শরীর গাঁথা,
রথেও আছে ততই কাঠ, অদ্ভুত এক ধাঁধা।
শরীর মাঝে, আছেন বাঁধা শ্রী ভগবান
রথের মাঝেও প্রভুর তদ্রূপ অবস্থান।

রথের ওপরে প্রভুর যাত্রা, তখন হবে সুগম
ষোড়শ চক্র নিয়ন্ত্রণে যখন, করবে পরিশ্রম।
মানব দেহও তেমনি চলবে উৎস সন্ধানে
ষড় রিপু - দশেন্দ্রিয় যদি রাখো নিয়ন্ত্রনে।

চাকা ঘোরে দড়ির টানে, এগিয়ে চলে রথ
লক্ষ লক্ষ ভক্ত সেথায় তৈরি করবে পথ।
রথের দড়ি মনের সমান, দিলে ভক্তির টান
বিবেক - বুদ্ধি তবেই করবে উৎস সন্ধান।

রাজার শাসন নেইকো আজ, প্রজাই আজ রাজা
প্রজার টানে চলছেন তিনি, রাজা টুকুই সাজা।
প্রাণের টানে টানলে তিনি, ধরা দেবেন ঠিক
রাজামশাই ভক্তি প্রিয়, ভক্ত প্রানাদিক।

নর আর নারায়ণ আজ মিলেমিশে একাকার
নারায়ণ আজ এসেছেন মাঝে ভক্তের পারাবার
বিশ্বাসে মিলায় বস্তু, তর্কে সাগর পার
ভারত - ভূমি, দেব ভূমি, তোমায় নমস্কার।

আ-মরি বাংলা ভাষা

অরিণ্ড গুপ্ত

যখন আমি খুবই শিশু, একেবারে অবলা
প্রথম যে ভাষায় মা ডেকেছিল, সেটাই বাংলা।
বাংলা আমার মাতৃভাষা, আমার ভালোবাসা
বাংলায় আমার পুষ্টি, বাংলাই বাঁচার আশা।

বাংলা মাধ্যমে লেখাপড়া আমার, তাই নেইকো কোনো জ্যোতি
এখন আবার English glamour ছাড়া নেই কোনো গতি
ছেলের দল আজ স্মার্ট হয়েছে, private school এ পড়ে,
বাংলা মিডিয়াম বাপ মা তাদের, fees গুনে মরে।



বাংলার দপ্তর এখন হয়েছে বেঙ্গলি অফিস
বাংলায় কথা বলা সেখানে বড্ড বেশি Foolish.
ইংরেজি আর হিন্দিতে এখন নিত্য ওঠা বসা
বাঙালি বাবুর এখন বাংলাকেই ভুলতে বসা।

বাঙালি ভুলেছে বাংলাকে, বাংলার ঐতিহ্য
তবেই না বাঙালির উন্নতি, বাঙালিরই হয়না সহ্য।
খাদ্য ভুলেছে, পোশাক ভুলেছে, ভুলেছে আপন নীর
Corporate culture এ বাঙালি, হয়েছে মহান বীর।

তবুও মনে নেইকি কিছু? ভুলে সে গেছে সব?

এত সহজে মাতৃভাষা, কেমনে ভোলা সম্ভব?

করেছো যদি অপমান, রাগিয়ে করেছো লাল

বাঙালির মুখে প্রথমে জোগাবে, বাংলার গালাগাল।

বাংলাপ্রদেশ নেই এখন আর, হয়েছে মিলনক্ষেত্র

বাঙালি অবাঙালি মিলেমিশে আজ ভারত মহাতীর্থ

English আর Hindi বলে, চালিয়ে নিয়ে কাজ

অফিস থেকে বাড়ি ফিরে, ফেরে বাংলা মেজাজ।

আমি বাপু সাদামাটা, বাংলায় আছি বেশ

তাইতো সবাই, কথার মাঝে কতো মারে ঠেঁষ।

অবাস্তবালীরা ঘামায়না মাথা, করেনা বলাবলি

আপত্তি সব তোলে যত ইংরেজ সাজা বাঙালি।

হোয়াটসঅ্যাপ, আর ফেসবুক জুড়ে কতো ইনজিরি term

অধেক মানে বুঝিনাকো তার, জানিনা আধেক কাম।

হয়তো আমি পিছিয়ে তাই, মেলেনা তালে তাল

যুগের হওয়ায় গা ভাসেনি, তাতেই গোলমাল।

তবুও এ ভাষায় আছে ওপার সুখ, অনাবিল এক শান্তি

দিনের শেষে, বাসায় এসে, বাংলাতেই কাটে ক্লান্তি

বাংলার আমি বাঙালি, বাংলা আমার ভাষা

দিনের পরে, কাজের শেষে, বাংলাতেই ফিরে আসা।

দেশের অবস্থা

সিদ্ধেশ্বর পন্ডিত

দিন আসছে দিন যাচ্ছে বেকারত্বের বাড়ছে সুনাম
সব রাজ্যের একই স্লোগান।
ভোটের নামে হচ্ছে যত বদনাম
দিন দিন বাড়ছে যত জিনিসপত্রের দাম।
কৃষকরা তবু পাচ্ছে না তো তাদের ন্যায্য মূল্যের দাম
ছোট থেকে মধ্যবিত্ত পরিবারের বাড়ছে নাকো কোন কাজ কাম।

রাজ্যের সঙ্গে কেন্দ্রের হচ্ছে যত খুনসুটি
রাজ্যের মানুষের হচ্ছে ততই ভোগান্তি।
কষ্ট করে করছে তারা পরীক্ষার প্রস্তুতি
পরীক্ষাটা হতে না হতেই হচ্ছে যত প্রশ্নপত্রের ত্রুটি।
বুঝবে কষ্ট তারাই এটার
পড়তে হয় যাদের এইরকম সমস্যায়।

PWD, PSC, SSC হোক বা NEET নেই তো কারোর ছাড়
একে একে সব কটারি প্রশ্নপত্রের ফাঁস।
মোবাইলের ইন্টারনেটে পড়েছি আমরা মোহোতে
রিচার্জটা আবার না করলে পড়তে হচ্ছে আশঙ্কাতো
এই সুযোগে লুটেপুটে নিচ্ছে তারা চুসে
তারোই মধ্যে BSNL যাচ্ছে কান ঘেঁষে।

আসবে কত নতুন দিনের নতুন আশা
তারই সঙ্গে আমাদের ভরসা।
আমরা সবাই আছি কিছু নতুনত্বের আশায়
দেশের দেশের জনগণ যেন দেখে কিছু নতুনের দিশা।
তবুও আমরা চাইব যেন দেশটার হোক উন্নতি
সবার সেরা আমাদেরই ভারতবর্ষের মাটি ॥

মায়ের ভালোবাসা

মনোতোষ সাহা

যেদিন তুমি থাকবে না মা অন্ধকার ভুবন,
সেদিন আর কেউ রবে না হতভাগার আপন।
তোমার মৃত্যু বলো 'মাগো' সইবো কেমন করে?
মায়ের মরা মুখ দেখার পূর্বে নিও বিধি মোরে।
চাইনা 'মাকে' ছেড়ে যেতে চাই না হারাতে,
মাতৃনাড়ে বাঁধা সন্তান দেই কষ্ট মায়ের মনেতে।
মায়ের মতো মায়া মমতা কেউ করেনা স্নেহের মনোরঞ্জন,
আমি যেন সাত রাজার ধন মায়ের আদরের নিরঞ্জন।
আদর করে ডাকে না 'মা' কেউ আমায় খোকা,
সবাই নিজ স্বার্থ খোঁজে আমি মস্ত বোকা।
কেউ নাই কেউ নাই আমার কেউ নাই জগতে আপন,
মায়ের চরণে মাথা রাখো সন্তান করো সেবা ভক্তি যতন।



আমার মা

প্রবীর মন্ডল

"আমার মা" জন্মের পর

প্রথম যার ভালোবাসার পরশ পাওয়া।

"আমার মা" মাতৃ দুগ্ধে

প্রথম খাবার যোগান দেওয়া ॥

"আমার মা" মুখের মধ্যে

ফুটিয়ে তোলা ভাষা,

"আমার মা"য়ের মুখের ভাষায়

আমার কাঁদা, হাসা ॥

"আমার মা" মুখটি দেখে

পেটের খিদে বোকা,

ভালো কিছু পেলে প্রথম

আমাকে তার খোঁজা ॥

"আমার মা" যার হাত ধরেই প্রথম


জীবনের পথ চলতে শেখা,

আমার জীবন উঠোন সমগ্র পরিসর জুড়ে

তার কৃতিত্বের কাহিনী স্বর্ণাক্ষরে লেখা ॥

মা যে, ছড়িয়ে আছে, জড়িয়ে আছে আমার

ক্ষুদ্র সংসারে সমগ্র পরিসর জুড়ে ॥



Care the Earth

ভিখারি

শ্রী সুদীপ্ত মুখার্জী

আমি গরিব বলে... আপনারা আমায় ভিখারি আখ্যা দিলেন,
ভেবো না আমি গরিব বলে... আমায় ভিক্ষাতে পেট চলে।
আপনারা ভাবেন... গরিব বলে লোভটা আমার খুব,
লোভ করি না আপনাদের টাকায়... আমার পাস্তা ভাতেই সুখ।।

গরিব বলে ভেবোনা... আমার সম্মান বোধ নাই,
রাজপ্রাসাদ না বানাতে পারি... তবু চাল ভান্ডা ঘরে পাই সুখ।
আপনারা বাঁচেন অহংকার নিয়ে... আমাদের মনুষ্যত্ব তেই সুখ।
দুদিনের পরিচয়ে দিলেন আঘাত খুব... হারিয়ে যাব কাজের মাঝে মাথায় নিয়ে তাজের সুখ।



ফেকবুক

কৌশিক মন্ডল (Sr)

ফেক আইডিতে ভরে গেছে ফেসবুকের ঘাঁটি।

ছেলে হইয়া সাজে মেয়ে, বলে কথা খাঁটি।

ফোনে তো কয়না কথা ম্যাসেঞ্জারের লেখে।

সুন্দর সুন্দর বুলি লেখে খুব যে ভালো লাগে।

ওদের ফাঁদে পড়লে ধরা পড়বে ভীষণ দায়।

মান সম্মান লুটে নিবে করবে হায় হায়।



নগ্ন কিছু ছবি দিয়ে পরে তোমায় করবে পাগল।

নেশায় পড়লে করবে ভুল হারাবে দুই কুল।

মেয়ের মতো কঠ দিয়ে করবে তোমায় ফোন।

ফোন পেয়ে হবে পাগল বলবে কথা শোন।

বিভূর নেশায় পড়ে যখন যাবে তাহার কাছে।

নাটকেতে পড়বে ধরা হাড়াবে সব পাছে।

মোদের গ্রাম

কৌশিক মন্ডল (Jr)

ছোট খানি গ্রামটি মোদের
নামটি হল গোপালপুর
জলধারা ঈশানি বইছে গ্রামে
করতে শিখ সবুজ।



হাজার দেড়েক মানুষও
রয়েছে এই গ্রামে
হাই স্কুল উঠেছে গড়ে
এই গ্রামেরই নামে।

পোস্ট অফিস, পাঠশালা
সবই গ্রামে আছে
মহাতীর্থ অট্টহাস
এই গ্রামেরই কাছে।

গ্রামের মাঝে বসে হাট
প্রতি শুক্রবারে
সন্ধ্যা হলেই বিজলি বাতি
জ্বলে ঘরে ঘরে।

তাইতো মোদের সবার কাছে
গ্রামখানি সুন্দর
গ্রামটি আমার থাকে যেন
আনন্দে মুখর।

মধ্যবিত্ত

মনিদীপা সরকার

স্বপ্ন আমরা অনেক দেখি

পূরণ হয় না সবটা।

না চাইলেও করতে তো হয়

বিরক্তির ওই Job টা।

পছন্দ সব জমতে থাকে

Add to Cart -এর list এ।

আমরা শুধু জীবন চালায়

দুঃখ ভোলায় jest এ।

পকেট মানি এতোই ছোট তাতে স্বপ্ন যায় না কেনা

মধ্যবিত্তের জীবন মানেই হাজার রকম দেনা।

AC, Hitter, Geyser সবই রাখছি নিজের ঘরে।

প্রথমে আমরা হিসাব করি চালাই তো সব পরে।

কিছু কেনার আগে মিটিং বসায় ছুঁচও করি দর।

খরচ করা মধ্যবিত্তের সবচেয়ে বেশি ডর।

আমরা জুতার নিচে লুকিয়ে ফেলি ছোঁড়া মোজার ভার।

ভাঙ্গা স্কিনের ফোন চালিয়ে তিনটে বছর পার।

তোমরা মধ্যবিত্ত কে কিপটে বলো।

আমি মিষ্টি বলি ওকে।

ওরা বাঁচতে ভালো যায় না ভুলে।

দুঃখ ভোলায় ঝাঁকে।

ফাঁকিবাজি

পার্থ পাত্র

রোজই ভাবি কালকে পড়া

আজকে শুধু খেলা,

এমন করে পার হয়ে যায়

সকাল সন্ধ্যা বেলা।

দিনের পর দিন চলে যায়

মাসের পর মাস,

হঠাৎ দেখি পরীক্ষাটা

যেন গলায় ফাঁস।

সরস্বতী মাকে তাই

মন দিয়ে ডাকি,

পাস করিয়ে দাও মা এবার

আর দেব না ফাঁকি।।

Care the Earth

হৃদয় ছড়া

সৌতিক দে

সুখ আছে অসুখও আছে
বুকের ভিতর হৃদয় আছে,
ভালোবাসা তো হৃদয় দিয়ে
সুখ দুঃখ আর শান্তি নিয়ে।

শোনিত -যথিত হৃদয় যন্ত্র

দেহ চিকিৎসার প্রধান গ্রন্থ,

সুস্থ শরীর সুস্থ মন,

মানব হৃদয় মহা জীবন।

Care the Earth

স্বপ্ন

প্রিয়া কুমারী সাও

স্বপ্নের ফেরিওয়ালা আমি

স্বপ্ন ফিরি বেচে,

সুখ দুঃখ হাসি কান্না

কলমে যায় রচে।

একা মোর স্বপ্ন গাঁথা

একা পথ চলা।

যেখানে যা কুড়িয়ে পায়

ভরে নিয়ে বোলা।

বিশাল আকাশ স্বপ্ন আমার

সুখে থাকার স্বাদ,

জীবন আমি ভরিয়ে তুলি

এই তো আনন্দ।

আজ আমি ভীষণ সুখী

করিনা প্রত্যাশা,

স্বপ্ন নিয়ে সুখে থাকি ।

মা

কৌশিক মন্ডল (Jr)

মা আমার মা

মায়ের মত এমন গুরু কেউ তো থাকেনা

এই পৃথিবীতে নতুন আলো

দেখান যিনি আগে

সেই তো হল মাগো আমার

জানাই প্রণাম তাকে।

নিজে আধপেটা খেয়ে

খাওয়ান যিনি সন্তানেরে

মায়ের মত এমন গুরু

বল আর কে হতে পারে?

সুন্দর এই পৃথিবীতে

জন্মেছি যে আমি

সারা জীবন পাই যেন মা

তোমার আশীষখানি।

ভাগ্য

মোল্লা সাবির

পাইনি যেসব জীবনেতে, তা নিয়ে আজ ভাবি
অনেক কিছুই পাওয়ার ছিল করিনি তো দাবি।
করলে দাবি পেতাম কিনা ছিল না তো তা জানা,
পাওয়ার হলে এমনি পেতাম এটা আমার জানা।
কপালে যা আছে লেখা, সেটুকুই পাব জানি
যে যাই বলুক কপালটাকে আমি ভীষণ মানি।
অতএব ভাই এই পৃথিবীতে নাও হতে পারে সব পাওয়া
নিজ কর্মে সুখে থাকো দুঃখ কে করো মানা।
কর্মের দ্বারা উন্নত শির হয়না তো নত
কর্ম দিয়েই ভোলাবো জীবনের দুঃখ যত।

Care the Earth



প্রতিবন্ধী ছেলের কষ্ট

সুজয় ঘোষ

এই সমাজ খুবই ভদ্র

নম্র শিক্ষিত,

তবে কেন এই সমাজে

প্রতিবন্ধী ছেলেরা অবহেলিত।

কেউ কেন বোঝেনা

প্রতিবন্ধী ছেলের কষ্ট

কেন সমাজের চোখে থাকে

সর্বদা ঘৃণিত,

তবে কি প্রতিবন্ধী ছেলেটি জন্ম নেওয়া

কি সমাজের কাছে পাপ,

প্রতিবন্ধী ছেলেরা কি মাথা

উচু করে বাঁচতে পারে না কেন?

সব সময় তাদেরকে দাড়িয়ে রাখা হয় সমাজের কাছে।

আমার পাহাড় সূর্য

সুব্রত মালিক

আমার পাহাড় সূর্য
রোজ প্রভাতে উঠবে
তোমার সাথে মিশবো
সত্য কথা বলব
তোমার পথে চলবো
লড়াই করে জিতব
আমার পাহাড় সূর্য
রোজ প্রভাতে উঠবে ॥



দোল উৎসব

সোমনাথ ঘোষ

দোল এসেছে দোল এসেছে

রং খেলবো মেতে

রং আনবো সকাল বেলা

খেলবো তা বিকাল বেলা ।

দোল এসেছে দোল এসেছে

ব্যস্ত সবাই কাজে

দুঃখে সুখে আমরা সবাই

দোল খেলবো মেতে।

দোল এসেছে দোল এসেছে

রং খেলবো মেতে।




Care the Earth

53

অংক

মানবেন্দ্র বর্মণ

বীজগণিতের সূত্র ভুলে
পাটিগণিতের জীবন কষি,
ত্রিকোণমিত্র তিনটে কোণে
অংক ছেড়ে গল্প লিখি।



ডেরিভেট ও প্রভাববিলিটি

হয়তো কলেজে পড়েছি অনেক,

ইন্টিগ্রেশন মিলল না আর

এখন বুঝি কমপ্লেক্সিটি

ক্যালকুলেশন করতে গেলে

ভুলের রাশি বেড়েই চলে,

ক্যালকুলেটর মুচকি হেসে

আমায় তারা জন্ম করে

এস্কেয়ার বি হোল স্কোয়ার

যদি একটু সরল হতো,

না জানি কত অংক গুলো

অনেক আগেই মিলে যেত ॥

মায়ের মেয়ে না মেয়ের মা

প্রীতি মিশ্রা

ধীরে ধীরে আমার মেয়ে আমার মা হয়ে উঠছে
এতদিন আমি তার যত্ন নিতাম, দেখাশোনা করতাম-
এখন সে আমার যত্ন নেয়, খেয়াল রাখে
ধীরে ধীরে আমার মেয়ে আমার মা হয়ে উঠছে।



কিন্তু, কিছু পার্থক্য আছে আমাদের মধ্যে-
আমি বলতাম- চুপ করে বসো, জোরে কথা বলো না
সে বলে- চুপ করে থেকো না মা, কথা বলো,
আমি বলতাম- পা নিচে নামিয়ে বসো
আর সে বলে- পা ফুলে যাবে, উপরে তুলে বসো,
আমি বলতাম- উল্টোপাল্টা কিছু খেও না
আমার মেয়ে বলে- যেটা ইচ্ছে হয় পরিমাণ মতো খাও।

আমি জোর করে সকালবেলা ওর ঘুম ভাঙ্গিয়ে দিতাম
সে বলে- মা, ঘুম পুরো করে ঘুম থেকে ওঠো,
কাজ শেখানোর অছিলায় যাকে রান্নাঘরে নিয়ে আসতাম,
আজ সেই মেয়ে বলে- মা অনেক কাজ করেছে এবার একটু আরাম করো,
নতুন জামার বদলে নতুন খাতা কিনতে বলা মেয়েটা আজ তার মায়ের জন্য শাড়ি কেনে।

আমি বলতাম- সময়মত মত পড়াশোনা, সময়মত মত খেলাধুলা

সে বলে- সময়মত খাবার, ঘুম আর ওষুধ,

সিনেমা দেখতে যেতে দিতাম না, বারণ করতাম

মেয়ে আমায় সঙ্গে নিয়ে সিনেমা দেখে।

ছোটবেলায় পড়ে গেলে মায়ের অপেক্ষায় থাকা মেয়েটা আজ একাই উঠে দাঁড়ায়।

মা-মেয়ের গল্প করার মাধ্যম আজ মুঠোফোন,

শখ বলতে তার ছিল শুধু পড়াশোনা, তবুও জানতে চাইতাম আর কি হচ্ছে তার?

কিন্তু আমার মেয়ে আমার বলার আগেই আমার সব ইচ্ছা জেনে যায়।

এই জন্যই তো বলি, ধীরে ধীরে আমার মেয়ে আমার মা হয়ে উঠছে।

Care the Earth

মা, মা দুর্গা

পায়েল মুখার্জি

মা দুর্গা কে তোমরা দেখেছো কী কেউ?
মাটির প্রতিমা গড়ে তোমরা খোঁজো তাকে,
আমি যে দেখেছি স্ব - চক্ষু তাকে
সন্তানদের মানুষ করবে এই তার পণ
সারাজীবন লড়াই করে নিজের জীবন করলো সমর্পণ।
দশটা হাত নেই যে তার
তবু দু-হাত দিয়ে চলে জগৎ সংসারের সব কাজ
সন্তানদের লালন পালনে তার মতো জুড়ি মেলা ভার।
সৃষ্টির সবচেয়ে সুন্দর সৃষ্টি 'মা'
আমার মা আমার কাছে দুর্গা প্রতিমা।
ভোর চারটা থেকে দু- হাত দিয়ে শুরু হতো লড়াই
নিজের জন্য খাওয়া দাওয়া বিশ্রামের সময় নাই।
মায়ের মত আপন হয় না কেউ ত্রি-ভূবণে
কাছে হোক বা দূরে মা শুধুই হৃদয় জুড়ে ।



57

ধর্ষিতা

কপিল (কৌশিক মন্ডল)

ধর্ষিত হয় আজ নিষ্পাপ মেয়ে

তাতে কার কি আসে যায়.....

মিডিয়া আজ তোলপাড় নায়িকাদের নেশায়।

আমাদের বাক স্বাধীনতা কোথায়.....

স্বাধীনতার এত বছর পরেও নিষ্পাপ মেয়েরা কেন ধর্ষিত হয়?

প্রতিবাদ করলেই এ সমাজে শাস্তি হয়....

ধর্মণের প্রতিবাদ যেন ধর্মকের যৌনাঙ্গ কেটে হয়।

Care the Earth



Art By-Monidipa Sarkar

“Mera Bharat Mahan”
